

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : জনাব ফারজানা ইয়াছমিন লিটা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর মহোদয়ের অফিস কক্ষ।

সভার তারিখ : ০১/০১/২০২৩ খ্রিষ্টাব্দ, রোজ- রবিবার, সময় : সকাল ১০.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নাম তালিকা : পরিশিষ্ট 'ক'

সভায় শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অদ্যকার সভায় জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর উপস্থিত ছিলেন। উপজেলা শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর ও সদস্য সচিব, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃঢ় করণ করা হয়। অতঃপর উপজেলা শিক্ষা অফিসার এজেন্ডা ভিত্তিক আলোচনা করেন।

১। প্রধান শিক্ষকগণের কক্ষ নির্মাণ সংক্রান্ত : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা মহোদয়ের স্মারক নং- ৪৬.০২.০০০০.৯০২.১৪.১৪০৮.২১-১০২৭০, তারিখ -০২/১১/২২ খ্রি. মূলে পিইডিপি-৪ এর আওতায় ২০২২-২৩ অর্থ বছরে অত্র উপজেলায় ১৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২৭৫ জনের অধিক ছাত্র/ছাত্রী থাকায় ১(এক)টি করে প্রধান শিক্ষকের কক্ষ নির্মাণের জন্য বিদ্যালয় নির্বাচন করা হয়েছে।

সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে পত্রের আলোকে অনুরোধ জানিয়ে প্রয়োজনীয় তথ্য উপজেলা প্রকৌশলী, এলজিইডিকে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

২। বই বিতরণ সংক্রান্ত : উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে ২০২৩ খ্রি. সালের বই বিতরণ শুরু করার জন্য সভায় সিদ্ধান্ত প্রয়োজন এবং প্রত্যেক বিদ্যালয় থেকে অনলাইনে বিদ্যালয় ভিত্তিক বইয়ের চাহিদা প্রধান শিক্ষকগণ দাখিল করেছেন। বিদ্যালয়গুলোর চাহিদা অনুযায়ী ২০২৪ সালের বই আসবে বলে ধারণা করা হচ্ছে।

সিদ্ধান্ত: ২০২৩ সালের বিনামূল্যের বই বিতরণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে সভায় অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফারজানা ইয়াছমিন লিটা)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, জামালপুর সদর

ও

সভাপতি

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি।

তারিখ : ০১/০১/২০২৩ খ্রি.।

স্মারক নং- উশিঅ/জামালপুর সদর/২০২৩/০৩

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।

৩। জনাব ফারজানা ইয়াছমিন লিটা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

৪। জনাব ----- ও সদস্য, প্রাথমিক ও গণশিক্ষা কমিটি জামালপুর সদর, জামালপুর।

৫। অফিস কপি।

(জুয়েল আশরাফ)

উপজেলা শিক্ষা অফিসার

জামালপুর সদর, জামালপুর।



উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : জনাব ফারজানা ইয়াছমিন লিটা, ডাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

স্থান : ডাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর মহোদয়ের অফিস কক্ষ।

সভার তারিখ : ০১/০১/২০২৩ খ্রিষ্টাব্দ, রোজ- বুধবার, সময় : সকাল ১০.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর (পরিশিষ্ট-ক)

ক্রমিক নং	কমিটির সম্মনিত কর্মকর্তাগণের/সদস্য বৃন্দের নাম পদবী ও ঠিকানা	পদবী	উপস্থিতির স্বাক্ষর
১	জনাব ফারজানা ইয়াছমিন, ডাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।	সভাপতি	
২	জনাব আক্তারুজ্জামান, ডাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।		
৩	জনাব মো : মিজানুর রহমান, চেয়ারম্যান, ১৪ নং দিগপাইত ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর, জামালপুর।	৮	
৪	জনাব মো : আফজাল হোসেন, চেয়ারম্যান, ৩ নং লক্ষীরচর ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর, জামালপুর।	৮	
৫	জনাব মো : সুলায়মান হোসেন, ডোয়াতলা, জামালপুর সদর, জামালপুর।	৮	
৬	জনাব মো : জাহাঙ্গীর আলম, বাদেচান্দা জামালপুর সদর, জামালপুর।	৮	
৭	উপজেলা শিক্ষা অফিসার জামালপুর সদর, জামালপুর।	